"দুর্নীতিকে না বলুন,
নৈতিকতা মেনে চলুন"

"জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

**পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড**
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়ঃ নলকা, সিরাজগঞ্জ।

দরপত্র বিজ্ঞপ্তি নং- ২৮.১৮.০০০০.০০০.০৩৯.৪৩.০০০১.২৩/৮২২ তারিখ: ১৩/০৭/২০২৬

## অকেজো গাড়ি নিলামে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-র অন্তর্ভূক্ত পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর অকেজো ঘোষিত নিম্নবর্ণিত ০৩(তিন) টি গাড়ি **"যেখানে যে অবস্থায় আছে"** ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপঃ

| ক্রমিক নং | গাড়িসমূহের বিবরণ | দরপত্র দলিল বিক্রয়ের তারিখ সময় ও স্থান | দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ, সময় ও স্থান | দরপত্র বাক্স খোলার তারিখ, সময় ও স্থান | দরপত্রের ধরন |
|---|---|---|---|---|---|
| ১ | <u>কোম্পানির কেন্দ্রীয় গ্যারেজে মজুদ ০৩ টি অকেজো গাড়ি:</u><br>ঢাকা মেট্রো-খ-১৩-১১৪৭ (Mitsubishi-M. CO. LTD-2010 Car, Seden)<br>সিরাজগঞ্জ-ঠ-১১-০০২০ (Toyota-2000 Pic-Up (Single Cabin)<br>সিরাজগঞ্জ-ঠ-১১-০০২১ (Toyota-2000 Pic-Up (Single Cabin) | ১৯/০৭/২০২৬ থেকে ০৩/০৮/২০২৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত<br>ফিন্যান্স ডিপার্টমেন্ট, পিজিসিএল, নলকা, সিরাজগঞ্জ<br>ও<br>ঢাকা লিয়াজো অফিস, পেট্রোসেন্টার, পেট্রোবাংলা (লেভেল-১৩), ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা। | ০৪/০৮/২০২৬ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা।<br>লোকাল পারচেজ, অকশন অ্যান্ড ক্যারিং শাখা, প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, পিজিসিএল, নলকা, সিরাজগঞ্জ। | ০৪/০৮/২০২৬ তারিখ দুপুর ১২:১৫ ঘটিকা<br>লোকাল পারচেজ, অকশন অ্যান্ড ক্যারিং শাখা, প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, পিজিসিএল, নলকা, সিরাজগঞ্জ। | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |

<u>দরপত্রের সংক্ষিপ্ত শর্তাবলী নিম্নরূপঃ</u>

০১। দরপত্র দলিল ক্রয় ব্যতীত কোন দরপত্র/দরপত্র দলিলের ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

০২। দরপত্র দলিল মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য)।

০৩। নিলাম দরপত্র বৈধতার মেয়াদ: ৯০ (নব্বই) দিন।

০৪। হালনাগাদ ট্রেড লাইসেন্স ও TIN সার্টিফিকেটধারী বাংলাদেশী যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে TIN ও সর্বশেষ আয়কর পরিশোধ প্রত্যয়নপত্র এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে উপরোক্ত ডকুমেন্টসহ VAT নিবন্ধন প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৫। দরদাতাকে দরপত্রে উদ্ধৃত সর্বমোট (আয়কর ও ভ্যাটসহ) মূল্যের ১০% অর্থ (ফেরতযোগ্য) দরপত্র জামানত হিসাবে "পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড" এর অনুকূলে যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপ্রস্তাবের সাথে দাখিল করতে হবে।

০৬। কৃতকার্য মূল্যায়িত সর্বোচ্চ দরদাতাকে LOI (Letter of Intent) প্রদান করা হবে। উক্ত LOI ইস্যুর তারিখ হতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ক্রেতাগণকে দরপ্রস্তাবে উদ্ধৃত সমুদয় অর্থ কোম্পানির ফিন্যান্স ডিপার্টমেন্টে ব্যাংক অর্ডার/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে। এছাড়া, LOI ইস্যুর তারিখ হতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে দরদাতা কর্তৃক উদ্ধৃত মোট মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (সরকার কর্তৃক নির্ধারিত হারে) বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা প্রদানপূর্বক মূল চালান জমা দিতে হবে।

০৭। নিলাম দরদাতাগণ দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিলামতব্য ০৩(তিন) টি অকেজো গাড়ী সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।

০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৯। দরপত্র ডাকযোগে, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি হাতে হাতে দরপত্রের নির্ধারিত স্থান, তারিখ ও সময়ের পূর্বে দাখিল করতে হবে।

১০। বিস্তারিত শর্তাবলী দরপত্র দলিলে উল্লেখ রয়েছে।

মহাব্যবস্থাপক (প্রশাসন)
পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড,
টেলিফোন নং- ০২-৫৮৮৮৩১৪৪৮
ই-মেইল- local.procurement.pgcl@gmail.com